



তথ্যবিবরণী

নম্বর-০৩১

আবহমান কাল ধরে বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্য চলে আসছে

- ধর্ম বিষয়ক উপদেষ্টা

রাজশাহী; ২৩ ভাদ্র (০৭ সেপ্টেম্বর):

অন্তর্বর্তীকালীন সরকারের ধর্ম বিষয়ক উপদেষ্টা ড. আ ফ ম খালিদ হোসেন বলেছেন, আবহমান কাল ধরে বাংলাদেশে সাম্প্রদায়িক সম্প্রীতি ও সৌহার্দ্য চলে আসছে। মাঝে মাঝে কিছু দুষ্কৃত্রু আমাদের এই সম্পর্কে ফাটল ধরাবার অপপ্রয়াস চালিয়েছে, এখনও চালাচ্ছে। আমরা যদি ঐক্যবদ্ধ থাকি তাহলে আমরা এই দুর্বৃত্তদের কালো হাত ভেঙ্গে দিতে পারবো।

আজ শনিবার (০৭ সেপ্টেম্বর) সকালে ইসলামিক ফাউন্ডেশনের রাজশাহী বিভাগীয় কার্যালয়ের মিলনায়তনে অনুষ্ঠিত 'সাম্প্রদায়িক সম্প্রীতি প্রতিষ্ঠা এবং সন্ত্রাস, দুর্নীতি, মাদক, নারী নির্যাতনসহ বিভিন্ন সামাজিক সমস্যা প্রতিরোধে উলামা মাশায়েখ এবং হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান ধর্মের নেতৃবৃন্দের সাথে করণীয়' শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন।

উপদেষ্টা বলেন, সন্ত্রাস, দুর্নীতি, মাদক, নারী নির্যাতন সকল ধর্মেই নিষিদ্ধ; সকল ধর্মেই এগুলোকে প্রতিহত করার বয়ান রয়েছে। আমরা এই বয়ানগুলোতে ঐক্যবদ্ধ হতে পারি, পারস্পরিক শ্রদ্ধাবোধ, ভালোবাসায় আমরা সিক্ত হতে পারি। সম্প্রীতি আছে, বিভাজনও আছে। আমাদের সৌহার্দ্য ও সম্প্রীতির পরিবেশ তৈরি করতে হবে।

রাজনীতির উর্ধ্বে অবস্থান করে ধর্ম মন্ত্রণালয় চালাচ্ছেন মন্তব্য করে উপদেষ্টা বলেন, অতিমাত্রায় দলীয় রাজনীতি করে ইসলামিক ফাউন্ডেশনকে শেষ করে দেওয়া হয়েছে। আমরা খুব আন্তরিকতার সাথে এই অবস্থার পরিবর্তন করতে চাই।

বাংলাদেশের সাম্প্রদায়িক সম্প্রীতিকে সুসজ্জিত ফুলবাগানের সাথে তুলনা করে তিনি বলেন, বাগানে নানা ধরণের ফুল থাকলে বাগানের সৌন্দর্য বৃদ্ধি পায়। এটাই হচ্ছে বৈচিত্র্য। বৈচিত্র্যের বাংলাদেশে বহুত্ববাদী সমাজে নানা ধর্মের লোক থাকবে।

মডেল মসজিদ পরিদর্শনের অভিজ্ঞতা জানাতে গিয়ে খালিদ হোসেন বলেন, এ মসজিদগুলোতে বিভিন্ন সমস্যা রয়েছে। ১২ থেকে ১৬ কোটি টাকা খরচ করে এই মসজিদগুলো নির্মাণ করা হয়েছে। ধর্ম মন্ত্রণালয় টাকা দিয়েছে, পূর্ত মন্ত্রণালয় সম্পাদন করেছে। মনিটর করার কথা আমাদের পিড়ির। এসময় তিনি একটি উচ্চ ক্ষমতাসম্পন্ন তদন্ত কমিটি গঠনের ইচ্ছার কথা জানিয়ে নির্মাণ ত্রুটির সাথে কারা জড়িত, তা বের করার তাগিদ প্রদান করেন।

ধর্মীয় উপাসনালয়ে আক্রমণ বিষয়ে ধর্ম বিষয়ক উপদেষ্টা বলেন, বিক্ষিপ্ত কিছু ঘটনা ঘটতে পারে, রাতের আঁধারে কেউ উপাসনালয় অপবিত্র করতে পারে। এর অর্থ এই নয় যে, এ দেশে সাম্প্রদায়িক সম্প্রীতি নেই। অতিমাত্রায় দলবাজী করে কেউ যদি উদ্দেশ্য প্রণোদিতভাবে হামলা করে তবে তা তো সাম্প্রদায়িক ব্যাপার নয়। এটি তো রাজনৈতিকভাবে উদ্দেশ্য প্রণোদিত। বৈশ্বিক মিডিয়াকে এই বিষয়টিকে নিরপেক্ষভাবে যাচাই করতে হবে। এসময় তিনি সাম্প্রদায়িক সম্প্রীতি রক্ষায় সকলকে এগিয়ে আসার আহ্বান জানান।

রাজশাহী জেলা প্রশাসক শামীম আহমেদের সভাপতিত্বে মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী রেঞ্জের ডিআইজি মোঃ আলমগীর রহমান, স্থানীয় সরকার পরিচালক মোঃ পারভেজ রায়হান, ইসলামিক ফাউন্ডেশনের গভর্নর মাওলানা জামাল উদ্দিন সন্দীপী। বিভিন্ন ধর্মের প্রতিনিধিবৃন্দ মতবিনিময় সভায় অংশগ্রহণ করেন এবং নিজস্ব মত ব্যক্ত করেন।

.....  
তৌহিদ/আতিক/আরিফ/আলীম/২০২৪/১৮.০০ ঘ.